ইঞ্জিনিয়ার গোলাম মোস্তফার সমর্থকদের চতুর্থ দিনের মশাল মিছিলের স্লোগানে “আমলার মনোনয়ন মানিনা”

মশিউর রহমান খান, জয়পুরহাট :: জয়পুরহাট-২ আসনে (কালাই, ক্ষেতলাল ও আক্কেলপুর) সাবেক সংসদ সদস্য ইঞ্জিনিয়ার গোলাম মোস্তফা বিএনপির মনোনয়ন না পেয়ে তার কর্মী-সমর্থকরা সোমবার (১০ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে আক্কেলপুর উপজেলার গোপীনাথপুর বাজারে চতুর্থ দিনের মতো বিক্ষোভ ও মশাল মিছিল করেছেন।

এ সময় তারা সদ্য মনোনয়ন পাওয়া সাবেক সচিব ও ঢাকার সাবেক জেলা প্রশাসক আব্দুল বারীর মনোনয়ন বাতিলের দাবি জানান এবং অন্যথায় বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দেন।

মিছিলে অংশগ্রহণকারীরা বলেন, দীর্ঘ ১৭ বছর ধরে বিএনপির জন্য কাজ করা পরীক্ষিত নেতা গোলাম মোস্তফাকে বঞ্চিত করে একজন বহিরাগত অরাজনৈতিক ব্যক্তিকে মনোনয়ন দেওয়া হয়েছে। তিনি কোনো সময় রাজনৈতিক আন্দোলন-সংগ্রামে অংশ নেননি। অতিথি পাখির মতো হঠাৎ এলাকায় এসে মনোনয়ন পেয়েছেন এতে আমরা হতাশ।

বিক্ষোভকারীরা সদ্য মনোনীত প্রার্থী আব্দুল বারীকে ‘অতিথি পাখি’ আমলা আখ্যা দিয়ে অতিথি পাখিকে চাই না, বারীকে মানি না, মানবো না, বলে স্লোগান দিতে থাকেন।

মশাল মিছিলে নেতৃত্ব দেন গোপীনাথপুর ইউনিয়ন বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক আপেল মাহমুদ বকুল, ইউনিয়ন বিএনপির সাবেক আহ্বায়ক হুমায়ুন কবির রানা, উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক রফিকুল ইসলাম, সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুল হান্নান, সাবেক সহ-সভাপতি আবুল খায়ের, স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি শরিফ মেম্বারসহ ছাত্রদল, যুবদল ও বিএনপির শতাধিক নেতা-কর্মী।